

# মেয়র আনিসুল হকের দাফন বনানীতে

✍ কালের কণ্ঠ অনলাইন



অ +

অ -



মেয়র আনিসুল হকের মরদেহ শনিবার সকাল ১১টা ৪০ মিনিটে বাংলাদেশ বিমানযোগে ঢাকায় আনা হবে বলে তাঁর পারিবারিক সূত্র জানিয়েছে। বিমানবন্দর থেকে প্রথমে মরদেহ তাঁর বাসায় নেওয়া হবে। ওই দিন বাদ আসর আর্মি স্টেডিয়ামে নামাজে জানাজা শেষে তাঁকে বনানী কবরস্থানে দাফন করা হবে।

---

আরো পড়ুন: ওয়েলিংটনের হিমঘরে আনিসুল হকের মরদেহ, বাদ জুমা জানাজা

---

ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক বৃহস্পতিবার বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে লন্ডনের ইউস্টনের ইউনিভার্সিটি কলেজ হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) মৃত্যু বরণ করেন।

অন্তিমকালে তার পাশে উপস্থিত ছিলেন তাঁর স্ত্রী, পুত্র ও কন্যাদ্বয়। তার বয়স হয়েছিলো ৬৫ বছর। মৃত্যুকালে স্ত্রী, সন্তানসহ আত্মীয়-স্বজন ও বহু গুণগ্রাহী রেখে গেছেন। আজ বাদ জুমা লন্ডনের রিজেন্ট পার্ক মসজিদে তার প্রথম জানাজা অনুষ্ঠিত হবে বলে জানা গেছে।

---

আরো পড়ুন: মেয়র আনিসুল হকের মৃত্যুতে স্পিকারের শোক

---

ফুসফুসে সংক্রমণ নিয়ে ১৩ আগস্ট থেকে লন্ডনের একটি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন তিনি। সাড়ে তিন মাস ধরে অসুস্থ আনিসুল হকের অবস্থার মাঝে উন্নতি ঘটলেও গত মঙ্গলবার ফের আইসিইউতে নেওয়া হয় তাকে। নাতির জন্ম উপলক্ষে গত ২৯ জুলাই সপরিবারে লন্ডনে যান আনিসুল হক ও তার স্ত্রী রুবানা হক। সেখানে অসুস্থ হয়ে পড়েন আনিসুল হক।

তার মস্তিষ্কের রক্তনালীতে প্রদাহজনিত সেরিব্রাল ভাসকুলাইটিস শনাক্ত করেন চিকিৎসকরা।